পশ্চিমবঙ্গ সরকার
শিশু বিকাশ প্রকল্প অধিকারিকের কার্য্যালয়
উদয়নারায়ণপুর সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প
উদয়নারায়ণপুর , হাওড়া, পিন ঃ ৭১১২২৬

Govt. of W.B. O/o The C.D.P.O. Udaynarayanpur

স্মারক নং ঃ ৮৭/আই.সি, ডি, এস /উদয়নারায়ণপুর তারিখ ঃ ২৭/০৪/২০২২

## -: বিজ্ঞপ্তি :-

এতদ্বারা উদয়নারায়ণপুর সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প, জেলা-হাওড়া - এর অন্তর্গত অঙ্গনওয়াড়ী কেন্দ্রগুলিতে শূন্যপদগুলি পূরনের জন্য অঙ্গনওয়াড়ী কর্মী ও সহায়িকা পদে উপযুক্ত মহিলা প্রার্থীদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। এই পদ গুলি কোন স্থায়ী সরকারী পদ নয়, স্বেচ্ছাসেবামূলক পদ, নির্বাচিত প্রার্থীরা শুধুমাত্র সরকার নির্ধারিত সাম্মানিক ভাতা পাবেন এবং কোনও কারনে প্রকল্প স্থগিত বা বন্ধ হয়ে গেলে তাদের দায়দায়িত্ব নিতে সরকার বাধ্য থাকবেন না।

**অঙ্গনওয়াড়ী কর্মী পদে প্রার্থীদের উদয়নারায়ণপুর প্রকল্পের এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে** এবং **সহায়িকা পদে প্রার্থীদের যে গ্রাম পঞ্চায়েত এলাকায় শূন্যপদটি অবস্থিত, সেই গ্রাম পঞ্চায়েতের স্থায়ী বাসিন্দা হতে হবে।**

আগামী ইং **২৭/০৪ /২০২২** তারিখ থেকে **২৩/০৫/২০২২** তারিখ পর্যন্ত প্রতিটি সরকারী কাজের দিন অত্র প্রকল্প অফিসে **দুপুর ১২ টা** থেকে **বিকাল ৪ টা** পর্যন্ত আবেদনপত্র গ্রহন করা হবে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ঃ **২৩/০৫/২০২২, বিকাল ৪ টা** পর্যন্ত।

## আবেদনকারীর নিম্নলিখিত যোগ্যতা থাকতে হবে :-

১) **বাসস্থান** :- উদয়নারায়ণপুর প্রকল্প তথা উদয়নারায়ণপুর পঞ্চায়েত সমিতিতে কেবলমাত্র **আর. ডি. এ. , হরালী , কুড়চি - শিবপুর , পাঁচারুল , সিংটি , খিলা , হরিশপুর , কানুপাট - মনশুকা , দেবীপুর , বিঘিচন্দ্রপুর , গড়ভবানীপুর - সোনাতলা** এই ১১ টি গ্রাম পঞ্চায়েত উদয়নারায়ণপুর পঞ্চায়েত অন্তর্ভূক্ত ।

- **অঙ্গনওয়াড়ী কর্মী পদে** প্রার্থীদের উদয়নারায়ণপুর প্রকল্পের এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে ।
- **সহায়িকা পদে** প্রার্থীদের যে গ্রাম পঞ্চায়েত এলাকায় শূন্যপদটি অবস্থিত, সেই গ্রাম পঞ্চায়েতের স্থায়ী বাসিন্দা হতে হবে।

২) **আবেদনকারীর বয়স ঃ-**

অঙ্গনওয়াড়ী কর্মী ও সহায়িকা পদে শুধুমাত্র মহিলা প্রার্থীরা আবেদন করতে পারবেন, ০১-০৪-২০২২,তারিখে তাদের বয়স নূন্যতম ১৮ বছর এবং সর্বাধিক ৪৫ বছর হতে হবে ।

আবেদনকারীর **শিক্ষাগত যোগ্যতা** ঃ-

**অঙ্গনওয়াড়ী কর্মী** পদের সকল প্রার্থীদের নূন্যতম শিক্ষাগত যোগ্যতা --- যে কোনো সরকারিভাবে অনুমোদিত বোর্ড থেকে **মাধ্যমিক বা সমতুল্য** পরীক্ষা উত্তীর্ন। তবে উচ্চতর শিক্ষাগত যোগ্যতার প্রার্থীরাও অঙ্গনওয়াড়ী কর্মী পদের জন্য আবেদন করতে পারবেন।

**অঙ্গনওয়াড়ী সহায়িকা** পদে সকল প্রার্থীদের নূন্যতম শিক্ষাগত যোগ্যতা -- যে কোনো সরকারিভাবে অনুমোদিত স্কুল থেকে **অষ্টম শ্রেনী উত্তীর্ন**। তবে উচ্চতর শিক্ষাগত যোগ্যতার প্রার্থীরাও অঙ্গনওয়াড়ী সহায়িকা পদের জন্য আবেদন করতে পারবেন।

**৪) কর্মজীবনের অবসানের বয়স** ঃ-

বর্তমানে সরকারী নির্দেশিকা অনুযায়ী প্রতিটি অঙ্গনওয়াড়ী কর্মী ও সহায়িকার ৬৫ (পয়ষট্টি) বছর বয়স পূর্ণ হলে এই স্বেচ্ছাসেবামূলক কাজ থেকে তাদের বাধ্যতামূলকভাবে **কর্মজীবনের অবসান** ঘটবে।

**পদগুলির বিবরণ** ঃ-

**বর্তমান বিজ্ঞপ্তির তারিখ পর্যন্ত সরাসরি নিয়োগের উপযুক্ত পদগুলির সংখ্যা** ঃ-

**অঙ্গনওয়াড়ী কর্মী** ঃ মোট শূন্যপদ = ১০ (সাধারন :- ০৪, ত:জাতি :- ০১, ত:উপজাতি :- ০৩, শারীরিক প্রতিবন্ধী :- ০১, ও.বি.সি. শ্রেণী এ :- ০১ ও.বি.সি. শ্রেণী বি:- ০)

**অঙ্গনওয়াড়ী সহায়িকা** ঃ মোট শূন্যপদ = **৩৮** (সাধারন :- **১৭**, ত:জাতি :- **০৫**, ত:উপজাতি :- **০১**, শারীরিক প্রতিবন্ধী :- **০৩**, ও.বি.সি. শ্রেণী এ :- **৬** ও.বি.সি. শ্রেণী বি:- **৬** )

| ক্রমিক সংখ্যা | গ্রাম পঞ্চায়েতের নাম | সাধারন | তপশিলি জাতি | তপশিলি উপজাতি | অন্যান্য অনগ্রসর (ও.বি.সি) শ্রেণী এ | অন্যান্য অনগ্রসর (ও.বি.সি) শ্রেণী বি | শারীরিক প্রতিবন্ধী | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | আর. ডি. এ. | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ২ | হরালী | ১ | ২ | ০ | ১ | ০ | ০ | ৪ |
| ৩ | কুড়চি-শিবপুর | ২ | ০ | ০ | ০ | ০ | ১ | ৩ |
| ৪ | পাঁচারুল | ২ | ১ | ০ | ০ | ০ | ০ | ৩ |
| ৫ | সিংটি | ২ | ০ | ০ | ০ | ২ | ০ | ৪ |
| ৬ | খিলা | ২ | ১ | ০ | ১ | ০ | ১ | ৫ |
| ৭ | হরিশপুর | ২ | ০ | ০ | ১ | ০ | ০ | ৩ |
| ৮ | কানুপাট-মনশুকা | ১ | ১ | ০ | ০ | ১ | ০ | ৩ |
| ৯ | দেবীপুর | ০ | ০ | ১ | ১ | ১ | ১ | ৪ |
| ১০ | বিধিচন্দ্রপুর | ২ | ০ | ০ | ০ | ০ | ০ | ২ |
| ১১ | গড়ভবানীপুর-সোনাতলা | ৩ | ০ | ০ | ২ | ২ | ০ | ৭ |
| | **মোট** | ১৭ | ৫ | ১ | ৬ | ৬ | ৩ | ৩৮ |

**প্রার্থী নির্বাচন প্রক্রিয়া ঃ-**

অঙ্গনওয়াড়ী কর্মী ও সহায়িকা পদের জন্য প্রার্থীদের নিম্নলিখিত লিখিত পরীক্ষায় (পূর্নমান-৯০) বসতে হবে এবং লিখিত পরীক্ষায় সফল প্রার্থীদের মৌখিক পরীক্ষা (পূর্নমান- ১০) । লিখিত পরীক্ষায় যেসব বিষয়ের পরীক্ষা নেওয়া হবে, সেগুলি হল ঃ-

ক) মাতৃভাষায় ১৫০ শব্দের রচনা লিখন(অষ্টমশ্রেনী মান) ঃ পূর্নমান - ১৫

খ) পাটি গনিত(অষ্টমশ্রেনী মান) ঃ পূর্নমান - ২০

গ) পুষ্টি-জনস্বাস্থ্য-মহিলাদের অবস্থান বিষয়ক প্রশ্ন ঃ পূর্নমান - ১৫

ঘ) ইংরেজী ভাষাজ্ঞান (প্রার্থীর ইংরেজী ভাষা সম্পর্কে সাধারণ জ্ঞান, ভাষান্তরকরণ/অনুবাদ ইত্যাদি)(অষ্টম/নবম শ্রেনী মান) ঃ পূর্নমান - ২০

ঙ) সাধারণ জ্ঞান ঃ পূর্নমান - ২০

(অঙ্গনওয়াড়ী কর্মী ও সহায়িকা পদের পরীক্ষার্থীদের জন্য পৃথক প্রশ্নপত্র রচিত হবে)

**আবেদনপত্রের সঙ্গে যা যা জমা দিতে হবে ঃ-**

১) প্রার্থীর বাসস্থান সংক্রান্ত সার্টিফিকেট (মূলকপি-৬ মাসের মধ্যে প্রাপ্ত ।প্রার্থীদের বাসস্থান সংক্রান্ত সার্টিফিকেট এলাকায় সাংসদ/বিধায়ক/জেলা পরিষদ সভাপতি/পঞ্চায়েত সমিতির সভাপতি/গ্রাম পঞ্চায়েতের প্রধান অথবা জেলাশাসক/অতিরিক্ত জেলাশাসক/মহকুমাশাসক/সমষ্টি উন্নয়ন আধিকারিক (বি.ডি.ও.)-এর কাছ থেকে সংগ্রহ করতে হবে।

২) প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত সার্টিফিকেট (স্বপ্রত্যয়িত কপি)।

৩) প্রার্থীর বয়স সংক্রান্ত সার্টিফিকেট (স্বপ্রত্যয়িত কপি)।

৪) প্রার্থীর জাতিগত পরিচয় সংক্রান্ত সার্টিফিকেট (স্বপ্রত্যয়িত কপি)।

৫) প্রার্থীর সাম্প্রতিক তোলা দুই কপি পাসপোর্ট সাইজ ছবি এবং একটি স্ট্যাম্প সাইজ ছবি । (একটি পাসপোর্ট ছবি আবেদনপত্রের নির্দিষ্ট জায়গায় আটকে দিতে এবং অন্য ২-টি ছবি আবেদনপত্রের সঙ্গে আলাদাভাবে খামের মধ্যে দিতে হবে)।

৬) আবেদনকারীর নাম ও সম্পূর্ন ঠিকানা সম্বলিত এবং ছয় (৬/-) টাকার ডাকটিকিট সম্বলিত একটি (১০" X৪" ) মাপের খাম।

৭) এপিক, আধার কার্ড এর কপি (স্বপ্রত্যয়িত কপি)।

বিজ্ঞপ্তিতে বর্ণিত দরখাস্তের বয়ান আনুযায়ী প্রতিটি কলম সম্পূর্ণ রূপে পূরণ করে নিম্নস্বাক্ষরকারীর কার্য্যালয়ে রাখা নির্দিষ্ট বাক্সে জমা দিতে হবে; উক্ত বয়ান ব্যতীত অন্য কোনো বয়ানে আবেদন করলে তা বাতিল বলে গণ্য হবে। উপরিউক্ত সকল প্রমান পত্র ও খাম সহ আবেদনপত্রটি একটি বড় খামে ভরে মুখবন্ধ অবস্থায় সুসংহত শিশুবিকাশ প্রকল্প আধিকারিক, উদয়নারায়ণপুর সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প , হাওড়া এই ঠিকানায় প্রদান করতে হবে। উক্ত খামের ওপর কোন পদের জন্য আবেদন করা হয়েছে সঠিকভাবে তার উল্লেখ থাকা বাধ্যতামূলক। তদুপরি খামের বামদিকে আবেদনকারীর নাম এবং গ্রাম পঞ্চায়েতের নামসহ ঠিকানা অবশ্যাই লিখতে হবে।

**দরখাস্ত জমা দেবার শেষ তারিখ :- -২৩/০৫/ ২০২২ (বিকাল ৪ -টে পর্যন্ত)**

**আবেদনকারীদের প্রতি কয়েকটি নির্দেশ ঃ-**

১) বিজ্ঞপ্তির সঙ্গে যে আবেদনপত্রের নমুনা দেওয়া হল, ঐ নমুনা অনুযায়ী আবেদন করতে হবে। নমুনা আবেদন পত্রটি ফটোকপি করে তাতে আবেদন করলে তাও গ্রাহ্য করা হবে। উপরন্তু সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি হাওড়া জেলার ওয়েবসাইট ..(howrah.gov.in).থেকে ডাউনলোড করা যেতে পারে। নমুনা অনুসারে সঠিকভাবে সম্পূর্ণ করে নির্দিষ্ট বাক্সে জমা দিতে হবে ,জমার জন্য কোনো রসিদ কর্তৃপক্ষের পক্ষ থেকে দেওয়া হবেনা। ডাকে পাঠানো আবেদনপত্র প্রকল্প অফিসে নির্ধারিত তাং ও সময়ের মধ্যে পৌঁছাতে হবে, এতে অফিস কতৃপক্ষ কোনোভাবে দায়ী থাকবে না।

২) কোনো ভুল বা অসঙ্গত তথ্য দিয়ে উপরোক্ত শর্তাবলী লঙ্ঘন করলে আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

৩) পদে নিযুক্তির পরবর্তী সময়ে কোন তথ্য ভুল বা অসংগত ছিল বা উপরোক্ত শর্তাবলীর কোনটি লঙ্ঘিত হয়েছিল বলে প্রমাণিত হলে তৎক্ষণাৎ সেই নিযুক্তি বাতিল হবে এবং ঐ প্রার্থীর বিরুদ্ধে সরকারী নিয়ম অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করা হবে ।

৪) আবেদন পত্রে কোন অস্বাক্ষরিত পরিবর্তন অসংগত বলে বিবেচিত হবে । জমা আবেদন পত্রে কোন পরিবর্তনের জন্য কোন অনুরোধ বিবেচিত হবে না ।

৫) কোন পরীক্ষায় হাজির হওয়ার জন্য কোন গাড়ী ভাড়া বা রাহা খরচ পাওয়া যাবে না ।

৬) প্রার্থীদের বাসস্থান সংক্রান্ত সার্টিফিকেট এলাকায় সাংসদ/বিধায়ক/জেলা পরিষদ সভাপতি/পঞ্চায়েত সমিতির সভাপতি/গ্রাম পঞ্চায়েতের প্রধান অথবা জেলাশাসক/অতিরিক্ত জেলাশাসক/মহকুমাশাসক/সমষ্টি উন্নয়ন আধিকারিক (বি.ডি.ও.)-এর কাছ থেকে সংগ্রহ করতে হবে।

৭) সংরক্ষিত পদগুলির ক্ষেত্রে শুধুমাত্র জেলাশাসক/মহকুমাশাসক প্রদত্ত তপশিলি জাতি/তপশিলি উপজাতি/ও.বি.সি.(এ/বি) সংক্রান্ত সার্টিফিকেট গ্রাহ্য করা হবে।

৮) সরকারী নির্দেশ ও আইন অনুযায়ী সংরক্ষিত শূন্য পদসংখ্যা পরিবর্তিত হতে পারে। এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে। এই নিযুক্তির ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকারের নারী ও শিশু উন্নয়ন ও সমাজ কল্যাণ বিভাগের সংশ্লিষ্ট সকল আদেশনামা এবং নিয়োগ ও সংরক্ষণের ক্ষেত্রে ১০০ পয়েন্ট রোস্টার সংক্রান্ত সরকারী আদেশনামা প্রযোজ্য হবে।

**৯) একটি আবেদনপত্রে দুটি পদের জন্য আবেদন করা যাবে না।**

১০) আবেদনপত্রের প্রত্যেকটি অংশ সুস্পষ্ট ভাবে পূরণ করতে হবে এবং অসম্পূর্ণ / আংশিকপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

২৭/০৪/২২

**শিশু বিকাশ প্রকল্প অধিকারিক**
**উদয়নারায়ণপুর সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প**
**উদয়নারায়ণপুর , হাওড়া**



Child Development Project Office
Udaynarayanpur I.C.D.S. Proj
Dist.- Howrah, Pin-711226

স্মারক নং ঃ ৮৭ /১ (৪১)/ আই. সি. ডি. এস / উদয়নারায়ণপুর তারিখ : ২৭/০৪/২০২২

এই বিজ্ঞপ্তির প্রতিলিপি সংশ্লিষ্ট কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গানোর অনুরোধ জানিয়ে প্রেরন করা হলো ঃ-

০১)সন্মানীয়া মুক্তা আর্য, জেলা শাসক, হাওড়া ও চেয়ারপার্সন, জেলা নির্বাচক ও উপদেষ্টা মন্ডলী, হাওড়া ।

০২) মাননীয় ডক্টর রানা চ্যাটার্জী, বিধায়ক, বালি (হাওড়া ) ও ভাইস-চেয়ারম্যান , জেলা নির্বাচক ও উপদেষ্টা মন্ডলী, হাওড়া ।

০৩) মাননীয় সীতানাথ ঘোষ, বিধায়ক, জগৎবল্লভপুর (হাওড়া) ও সদস্য, জেলা নির্বাচক ও উপদেষ্টা মণ্ডলী ।

০৪ ) মাননীয় বিধায়ক, উদয়নারায়নপুর বিধানসভা কেন্দ্র, জেলা - হাওড়া।

০৫) মাননীয় সভাধিপতি হাওড়া জেলা পরিষদ - হাওড়া।

০৬) মাননীয় অতিরিক্ত জেলাশাসক (উন্নয়ন), জেলা - হাওড়া।

০৭) মাননীয়া আম্বিয়া খাতুন, সম্মানীয়া কর্মাধ্যক্ষা, শিশু-নারী-জনকল্যাণ ও ত্রাণ স্থায়ী সমিতি, হাওড়া জেলা পরিষদ।

০৮) মাননীয় মহকুমা শাসক, উলুবেড়িয়া , জেলা - হাওড়া।

৯) মাননীয় জেলা প্রকল্প আধিকারিক (আই.সি.ডি.এস.), জেলা - হাওড়া।

১০) মাননীয় সভাপতি উদয়নারায়নপুর পঞ্চায়েত সমিতি উদয়নারায়নপুর ,জেলা - হাওড়া।

১১) মাননীয় সমষ্টি উন্নয়ন আধিকারিক (বিডিও) উদয়নারায়নপুর ব্লক ,জেলা - হাওড়া।

১২) মাননীয় ব্লক ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক উদয়নারায়নপুর ব্লক ,জেলা - হাওড়া।

১৩) মাননীয় ব্লক স্বাস্থ্য আধিকারিক উদয়নারায়নপুর ব্লক ,জেলা - হাওড়া।

১৪ - ১৫) অবর বিদ্যালয় পরিদর্শক, উদয়নারায়নপুর /উদয়নারায়নপুর দক্ষিণ , জেলা - হাওড়া।

১৬) পোস্টমাষ্টার, উদয়নারায়নপুর ডাকঘর উদয়নারায়নপুর , জেলা - হাওড়া।

১৭ - ১৮) ভারপ্রাপ্ত আধিকারিক, উদয়নারায়নপুর থানা / পেঁড়ো থানা , জেলা - হাওড়া।

১৯ - ২৭) শিশু বিকাশ প্রকল্প আধিকারিক, আমতা-২ / উদয়নারায়নপুর / আমতা-১ / বাগনান-২ / শ্যামপুর-১ / শ্যামপুর-২ /উলুবেড়িয়া-১ /উলুবেড়িয়া-২ /উলুবেড়িয়া (শহর) সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প, জেলা - হাওড়া।

২৮ - ৩৮) সম্মানীয় /সম্মানীয়া প্রধান, ...................... গ্রাম পঞ্চায়েত, উদয়নারায়নপুর পঞ্চায়েত সমিতি, হাওড়া।

৩৯) The D.I.O. NIC, Howrah, with a request to upload this notice in the official WEBSITE of Howrah District.

৪০) The D.I.C.O., Howrah, with a request to publish this notice in two (2) local newspapers of Uluberia Sub-Division.

৪১) Office Notice Board of Udaynarayanpur I.C.D.S. Project, Howrah.

তর্কপ্রাপ্তি ২৭/০৪/২২

শিশু বিকাশ প্রকল্প আধিকারিক
উদয়নারায়ণপুর সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প
উদয়নারায়ণপুর, হাওড়া

Child Development Project Officer
Udaynarayanpur I.C.D.S. Proj.
Dist.- Howrah, Pin-711226

## অঙ্গনওয়াড়ী কর্মী / সহায়িকা পদের জন্য আবেদনপত্রের বয়ান

(Reference ADVT.No. 87 /I.C.D.S./ U.N.Pur Dated 27/04/2022 of Udaynarayanpur I.C.D.S. Project, Howrah)

| এখানে ছবি লাগান ও আড়াআড়ি সাক্ষর করুন |
| --- |

মাননীয়
শিশু বিকাশ প্রকল্প অধিকারিক,
উদয়নারায়ণপুর সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প,
উদয়নারায়ণপুর, হাওড়া।
মহাশয়,

আমি আপনার অফিস বিজ্ঞপ্তি নং ৮৭/আই.সি.ডি.এস./উদয়নারায়ণপুর, তারিখ ঃ ২৭/০৪/২০২২ অনুযায়ী অঙ্গনওয়াড়ী কর্মী / সহায়িকা পদের জন্য আবেদন করছি, আমার সমস্ত বিবরন নিম্নে প্রদত্ত হল।

০১) প্রার্থীর সম্পূর্ন নামঃ ----------------------------------------------------------------------
প্রার্থীর সম্পূর্ন নাম (In English Capital Letter) ________________________________

০২) পিতা/স্বামীর নাম ঃ ..............................................................................

০৩) স্থায়ী ঠিকানা ঃ গ্রাম -----------------------,
পোষ্ট - ......................................, থানা - ..........................................
গ্রাম পঞ্চায়েত :--------------- ,জেলা - হাওড়া, পিন কোড নং---------------

০৪) বর্তমান ঠিকানা ঃ গ্রাম -----------------------,
পোষ্ট - ......................................, থানা - ..........................................
গ্রাম পঞ্চায়েত :---------------, জেলা - হাওড়া, পিন কোড নং---------------

০৫) জন্ম তারিখ ঃ ..............................................................., (ইংরাজি সন অনুযায়ী)

০৬) বয়স (০১/০৪/২০২২ তারিখে) ঃ ....................বছর, ...........................মাস, ...............................দিন

০৭) শিক্ষাগত যোগ্যতা ঃ ..............................................................................

০৮) প্রার্থী তপশিলী উপজাতি / তপশিলী জাতি ভুক্ত হলে তা লিখুন ঃ .......................................

০৯) শারিরীক প্রতিবন্ধী কিনা ঃ ...............................................................

১০) এপিক নং ঃ ............................................ ১১) আধার নং ঃ...........................................

১২) **মোবাইল নং ঃ**..............................................

১৩) প্রার্থীর মাতৃভাষা ঃ ..............................................................

**(৩ নং থেকে ১১ নং সারনীতে বর্নিত সমস্ত প্রমান পত্রের স্বপ্রত্যয়িত কপি জমা দিতে হবে)**

### ঘোষণাপত্র

আমি অঙ্গীকার করছি যে উপরোক্ত সমস্ত তথ্য সর্বৈব সত্য এবং এর কোন একটি ভুল বা মিথ্যা প্রমানিত হলে আমার প্রার্থীপদ বাতিল বলে গন্য হবে এবং আমি তা মেনে নিতে বাধ্য থাকবো।

প্রার্থীর সম্পূর্ন স্বাক্ষর ঃ ----------------------------------------

তারিখ ঃ ...................................... প্রার্থীর সম্পূর্ন নাম ঃ ----------------------------------------